



## পরশক্তিদের এজেন্টরা নিজেদের স্বার্থে বাংলাদেশে ওয়ান / ইলেভেন সৃষ্টি করেছে'

08.06.2008

৮ জুন : বাংলাদেশে ১১ই জানুয়ারি বা ওয়ান ইলেভেন সৃষ্টির পেছনে সাম্রাজ্যবাদী শক্তি গুলোর পাশাপাশি দেশের একটি উচ্চাভিলাষী মহলের সরাসরি ইন্ধন ছিলো বলে মনে করেন রাজনৈতিক বিশেষক ও সুশীল সমাজের প্রতিনিধিরা। তাঁরা বলেন, সাম্রাজ্যবাদী শক্তিগুলোর দীর্ঘ দিনের পরিকল্পনার সঙ্গে যোগ হয়েছিলো দেশীয় এজেন্টদের মদদ। তাঁরা বলেছেন, দেশের সেই মহলটি যে আশা নিয়ে ১১ জানুয়ারি সৃষ্টি করেছিলো তাঁদের সেই আকাংখা পুরোপুরি সফল হয়নি। এ বিষয়ে বিশিষ্ট কলামিস্ট ফরহাদ মজহার বলেন, ওয়ান/ইলেভেন সৃষ্টির পেছনেমার্কিন যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, কানাডা, অস্ট্রেলিয়া এবং ভারত দায়ী। সম্প্রতি সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া আদালতে বলেছিলেন, একটি উচ্চাভিলাষী মহলের কারণেই ১১জানুয়ারি এসেছে। খালেদা জিয়ার এই বক্তব্যের সঙ্গে এক মত পোষণ করে ফরহাদ মজহার বলেন, সেই মহলটিই বর্তমান সরকারকে পরিচালিত করছে। তাঁদের পরিকল্পনাই ছিলো রাজনীতিবিদদের কাছ থেকে ক্ষমতা কেড়ে নেয়া। আর এর জন্য পরশক্তিগুলো তাঁদের সমর্থন দিয়েছে।

দেশের এই উচ্চাভিলাষী মহলটি কে বা কারা এ বিষয়ে জানতে চেয়েছিলাম বিশিষ্ট সাংবাদিক ও কলামিস্ট ডক্টর রেজোয়ান সিদ্দিকীর কাছে। তিনি বলেন, বেগম খালেদা জিয়া যে বিশেষ মহলটির কথা ইঙ্গিত করেছেন সেই মহলটি আমাদের গৌরব উজ্জ্বল একটি প্রতিষ্ঠান যাদের নাম বলে আমি সরাসরি তাদেরকে জনগণের মুখামুখি দাঁড় করাতে চাই না। তিনি বলেন, এই মহলটি যে আশা নিয়ে বিদেশীদের সহায়তায় ১১জানুয়ারির মত পরিস্থিতির সৃষ্টি করেছিলো তাঁদের সেই আশা পুরোপুরি সফল হয়নি। তিনি বলেন, ইতোমধ্যে সেনাবাহিনী জনগণের কাছে বিতর্কিত হয়ে পড়েছে। দুর্নীতির নামে রাজনীতিবিদদের গ্রেফতার করে জনগণের সমর্থন পাবে বলে সেনাবাহিনী আশা করলেও জনগণ বুঝতে পারছে ক্ষমতার মোহের জন্যই এই মহলটি ওয়ান/ইলেভেন সৃষ্টি করেছে।

বিশিষ্ট অর্থনীতিবিদ আনু মোহাম্মদ বলেন, ১১জানুয়ারির পরের ঘটনাগুলো দেখলে এটা পরিষ্কার যে, পরশক্তিদের সাথে সাথে দেশীয় এজেন্টরা সুপরিকল্পিতভাবে নিজেদের স্বার্থ হাসিলের জন্যই ওয়ান ইলেভেন সৃষ্টি করেছে। তবে খালেদা জিয়ার বক্তব্যের সাথে তিনি এক মত পোষণ করলেও এর জন্য রাজনৈতিক দলগুলোর আচরণও দায়ী বলে মনে করেন তিনি। আনু মোহাম্মদ বলেন, বাংলাদেশের মতো দেশে এই বিশেষ মহলটি যে কারণে ১১জানুয়ারি এনেছে তা জনগণের কাছে পরিষ্কার হয়ে

গেছে। এই মহলটির হাত থেকে দেশকে রক্ষা করতে হলে জনগনের ঐক্যবদ্ধ আন্দোলনের বিকল্প নেই বলে মনে করেন তিনি।

রাজনৈতিক বিশেষকরা বলছেন,বিদেশীদের পাশাপাশি এই উচ্চভিলাষী মহলটি রাজনৈতিক সংস্কারের নামে যে কাজ শুরু করেছিলো তা পুরোপুরি বাস্তবায়ন করতে পারে নি।ওয়ান ইলেভেনের মত অবস্থা সৃষ্টি করে তাঁরা দেশ ও জনগনের কাছে নিজেদের আসল চেহারা উন্মোচন করে দিয়েছে। এখন হয়তবা তাঁরা বুঝতে পারছে তাঁদের মিশন ব্যর্থ হয়েছে। বিশেষজ্ঞরা বলছেন, এই মহলটির কারণেই দেশের রাজনৈতিক ও অর্থনৈতিক পরিস্থিতি আজ বিপর্যয়ের সম্মুখীন। #

